রেজিস্টার্ড নং ডি এ-১ ২০২০ সনের ১১ নং

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, মার্চ ১২, ২০২০

## সূচীপত্র


| | পৃষ্ঠা নং | | পৃষ্ঠা নং |
|---|---|---|---|
| ১ম খণ্ড—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলী সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ। | ২৪৯—২৬৪ | ৭ম খণ্ড—অন্য কোন খণ্ডে অপ্রকাশিত অধস্তন প্রশাসন কর্তৃক জারীকৃত অ-বিধিবদ্ধ ও বিবিধ প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| | | ৮ম খণ্ড—বেসরকারী ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ। | নাই |
| ২য় খণ্ড—প্রতিরক্ষা মন্ত্রণালয় ও বাংলাদেশ সুপ্রীমকোর্ট ব্যতীত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক জারীকৃত যাবতীয় নিয়োগ, পদোন্নতি, বদলী ইত্যাদি বিষয়ক প্রজ্ঞাপনসমূহ। | ২৪৯—২৬৩ | ক্রোড়পত্র—সংখ্যা | |
| | | (১) .....সনের জন্য উৎপাদনমুখী শিল্পসমূহের শুমারী। | নাই |
| | | (২) .....বৎসরের জন্য বাংলাদেশের লিচুর চূড়ান্ত আনুমানিক হিসাব। | নাই |
| ৩য় খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ১৭—৩১ | (৩) ..... বৎসরের জন্য বাংলাদেশের টক জাতীয় ফলের আনুমানিক হিসাব। | নাই |
| ৪র্থ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত পেটেন্ট অফিস কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ ইত্যাদি। | | (৪) ..... কৃষি মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বৎসরের চা উৎপাদনের চূড়ান্ত আনুষ্ঠানিক হিসাব। | নাই |
| ৫ম খণ্ড—বাংলাদেশ জাতীয় সংসদের এ্যাক্ট, বিল ইত্যাদি। | নাই | (৫) ..... তারিখে সমাপ্ত সপ্তাহে বাংলাদেশের জেলা এবং শহরে কলেরা, গুটি বসন্ত, প্লেগ এবং অন্যান্য সংক্রামক ব্যাধি দ্বারা আক্রমণ ও মৃত্যুর সাপ্তাহিক পরিসংখ্যান। | নাই |
| ৬ষ্ঠ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলাদেশ সুপ্রীমকোর্ট, বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, সরকারী চাকুরী কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ২৩৯—২৬৯ | (৬) ...............ইং তারিখে সমাপ্ত ত্রৈমাসিক পরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক প্রকাশিত ত্রৈমাসিক গ্রন্থ তালিকা। | নাই |


## ১ম খণ্ড

## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলি সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ।

**অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়**
**প্রশাসন-০৪ শাখা**

**আদেশ**

তারিখ : ১৭ পৌষ ১৪২৬ বঙ্গাব্দ/০১ জানুয়ারি ২০২০ খ্রিস্টাব্দ

**নং ০৭.০০.০০০০.০৮৪.৩৪.০০২.১৯-০১**—অর্থ বিভাগের প্রশাসনিক কর্মকর্তা জনাব মোঃ মনজুরুল হক এর ধারণাগত জ্যেষ্ঠতা, সিলেকশন গ্রেড ও টাইম স্কেল বিষয়ে বিগত ২২-১১-২০১৫ তারিখে ১০৯৩ নং স্মারকমূলে আন্তঃমন্ত্রণালয় প্রতিনিধিদের সমন্বয়ে গঠিত কমিটির সুপারিশ বাস্তবায়ন সংক্রান্ত গঠিত কমিটির সদস্যদের সুপারিশের আলোকে জনপ্রশাসন মন্ত্রণালয়ের বিগত ০৭-১১-২০১২ তারিখের প্রদত্ত মতামতের (একই জ্যেষ্ঠতা তালিকায় তাদের কনিষ্ঠ কর্মচারীগণ পদোন্নতিপ্রাপ্ত হলেও তারা প্রশাসনিক তথা আইন জটিলতার কারণে বিলম্বে পদোন্নতিপ্রাপ্ত হন। তবে পরবর্তীতে প্রশাসনিক কর্মকর্তা পদে পদোন্নতি পেলেও তারা তাদের কনিষ্ঠ কর্মচারীদের পদোন্নতির তারিখ থেকে ধারণাগত জ্যেষ্ঠতা প্রাপ্য হবেন।)

২। এ প্রেক্ষিতে জনাব মোঃ মনজুরুল হক, প্রশাসনিক কর্মকর্তা এর অনুকূলে তার কনিষ্ঠ কর্মচারী জনাব মোঃ আবু ছাইদ এর পদোন্নতির তারিখ অর্থাৎ বিগত ১৮-০২-২০০৪ তারিখ হতে ধারণাগত জ্যেষ্ঠতা প্রদান করা হলো। বিধি অনুযায়ী তিনি সিলেকশন গ্রেড, টাইস্কেরসহ অন্যান্য সুবিধাদি প্রাপ্য হবেন।

৩। উল্লিখিত ধারণাগত জ্যেষ্ঠতা শুধু চাকরির ধারাবাহিকতা, জ্যেষ্ঠতা ও বেতন নির্ধারণের ক্ষেত্রে গণনা করা হবে এবং এ আদেশ জারির তারিখের পূর্বের বকেয়া কোন আর্থিক সুবিধা প্রাপ্য হবেন না।

**সুরাইয়া জাহান**
সিনিয়র সহকারী সচিব।

মোঃ তারিকুল ইসলাম খান, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আসাদুজ্জামান, উপপরিচালক (অতিঃ দায়িত্ব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

**প্রশাসন-২ অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২৪ পৌষ ১৪২৬/৮ জানুয়ারি ২০২০

নং ০৭.০০.০০০০.০৮২.২৭.০০৮.১৯-২২—যেহেতু, জনাব মোঃ সিদ্দিকুর রহমান, প্রোগ্রামার (সাময়িকভাবে বরখাস্ত), হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয় (সিজিএ), ঢাকা এর বিরুদ্ধে প্রোগ্রামার হিসেবে কর্মরত থাকাকালীন তাঁর সহযোগিতায় প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তার কার্যালয়, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের এসএএস সুপার জনাব মোঃ শরিফুল ইসলাম (সাময়িকভাবে বরখাস্ত) কর্তৃক Electronic Fund Transfer (EFT) পদ্ধতিতে সরকারি কোষাগার হতে ডাচ বাংলা ব্যাংক, মিরপুর শাখায় তাঁর নিকট আত্মীয় স্বজনের নামে ৬টি ব্যাংক একাউন্টে মোট ১,২৭,০০,০০০ (এক কোটি সাতাশ লক্ষ) টাকা জালিয়াতির মাধ্যমে স্থানান্তর করার অভিযোগ রয়েছে। মোঃ সিদ্দিকুর রহমান, প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তার কার্যালয়ের সুপার মোঃ শরিফুল ইসলামের সাথে যোগসাজশে ডাটাবেজ সিস্টেমের iBAS User ID ও Passward ব্যবহার করে Back end থেকে উক্ত অর্থ স্থানান্তর সংক্রান্ত ডাটা (data) মুছে দিতে সহায়তা করেন। এ সংশ্লিষ্ট তথ্য মুছে ফেলা ও সরকারি কোষাগার হতে ১,২৭,০০,০০০ (এক কোটি সাতাশ লক্ষ) টাকা আত্মসাতে সহযোগিতা করেন বিধায়, মোঃ সিদ্দিকুর রহমান, প্রোগ্রামার (সাময়িকভাবে বরখাস্ত) কে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(ডি) অনুযায়ী {বর্তমান সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(ঘ)} অভিযুক্ত করে তাঁর বিরুদ্ধে বিভাগীয় মামলা রুজু করা হয়। এ পরিপ্রেক্ষিতে অভিযোগ বিবরণী ও অভিযোগনামা জারি করা হয়। অর্থ বিভাগের ১৩-০৮-২০১২ তারিখের ২৩০ নম্বর স্মারকের আদেশে মোঃ সিদ্দিকুর রহমান, প্রোগ্রামার, সিজিএ, ঢাকা-কে সাময়িকভাবে বরখাস্ত করা হয়।

যেহেতু, অভিযোগনামা ও অভিযোগ বিবরণীর লিখিত জবাব এবং শুনানি সন্তোষজনক না হওয়ায় জনাব মোহাম্মদ আনিসুর রহমান, উপসচিব, অর্থ বিভাগকে তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্তকারী কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদনে দুর্নীতির অভিযোগের সত্যতা রয়েছে মর্মে উল্লেখ করেন।

যেহেতু, তদন্ত প্রতিবেদন, প্রাসঙ্গিক কাগজপত্র এবং অভিযোগের গুরুত্ব বিবেচনায় একই বিধিমালার ৪ এর ৩(ঘ) অনুযায়ী চাকরি হতে বরখাস্তকরণ গুরুদণ্ড আরোপের প্রাথমিক সিদ্ধান্ত গৃহীত হয়। তৎপরিপ্রেক্ষিতে একই বিধিমালার ৭(৯) অনুযায়ী ২য় কারণ দর্শানোর নোটিশ জারি করে ৭(সাত) কার্যদিবসের মধ্যে জবাব দাখিলের জন্য নির্দেশ প্রদান করা হয়। উক্ত নোটিশের লিখিত জবাব সন্তোষজনক না হওয়ায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৭(১০) এবং পাবলিক সার্ভিস কমিশন (পরামর্শকরণ) রেগুলেশন, ১৯৭৯ এর ৬নং রেগুলেশন অনুযায়ী মোঃ সিদ্দিকুর রহমানকে চাকরি হতে বরখাস্তকরণ গুরুদণ্ড আরোপের বিষয়ে বাংলাদেশ সরকারি কর্ম কমিশনকে পরামর্শ প্রদানের জন্য অনুরোধ করা হলে কমিশন এ বিষয়ে একমত পোষণ করে।

যেহেতু, বাংলাদেশ সরকারি কর্মকমিশনের মতামত, বিভাগীয় মামলার সকল বিধিবিধান ও প্রক্রিয়া যথাযথভাবে সম্পন্ন হয়েছে এবং মামলার সংশ্লিষ্ট রেকর্ডপত্র পর্যালোচনান্তে মোঃ সিদ্দিকুর রহমানকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ২০১৮ এর ৩(ঘ) অনুযায়ী দুর্নীতির অভিযোগে দোষী সাব্যস্ত করে একই বিধিমালার ৪ এর ৩(ঘ) অনুযায়ী সরকারি চাকরি হতে বরখাস্ত করার বিষয়ে মহামান্য রাষ্ট্রপতির সদয় সম্মতি গ্রহণ করা হয়।

সেহেতু, জনাব মোঃ সিদ্দিকুর রহমান, প্রোগ্রামার (সাময়িকভাবে বরখাস্ত), সিজিএ কার্যালয়, ঢাকা-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ২০১৮ এর ৪ এর ৩(ঘ) অনুযায়ী সরকারি চাকরি হতে বরখাস্তকরণ গুরুদণ্ড প্রদান করা হলো।

জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**আব্দুর রউফ তালুকদার**
অর্থ সচিব।

---

**আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়**
**আইন ও বিচার বিভাগ**
**বিচার শাখা-৭**

**আদেশাবলি**

তারিখ : ১৯ ডিসেম্বর ২০১৯ খ্রিঃ

**নং বিচার-৭/২এন-২০/৭২-৪১৭**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হইয়া আপনাকে আব্দুস ছোবহান, পিতা-মৃত মমিন উদ্দিন খান, মাতা-জুলেখা বেগম, গ্রাম-আবুল হোসেন হাওলাদার কান্দি, বাঘিয়া, ডাকঘর-চরচান্দ্রা-৭৯৩০, উপজেলা-শিবচর, জেলা-মাদারীপুর। এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে মাদারীপুর জেলার শিবচর উপজেলার কাঁঠালবাড়ী ইউনিয়নের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে।

তবে, শর্ত থাকে যে, সরকার যে কোনো সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয় কোনো উপযুক্ত আদালতের কোনোরূপ স্থগিতাদেশ/নিষেধাজ্ঞা/স্থিতাবস্থা থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

তারিখ : ২৯ ডিসেম্বর ২০১৯ খ্রিঃ

**নং বিচার-৭/২এন-৬৩/৮৫-৪২৯**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হইয়া আপনাকে মোঃ হাবিবুর রহমান, পিতা-মোঃ আব্দুর রহমান, মাতা-আসমা খাতুন, গ্রাম-বোয়ালমারী, ডাকঘর-নীলমণিগঞ্জ, উপজেলা-চুয়াডাঙ্গা সদর, জেলা-চুয়াডাঙ্গা এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে চুয়াডাঙ্গা জেলার সদর উপজেলার ২নং মোমিনপুর ইউনিয়নের ১ হতে ৬ নং ওয়ার্ডের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে।

তবে, শর্ত থাকে যে, সরকার যে কোনো সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয় কোনো উপযুক্ত আদালতের কোনোরূপ স্থগিতাদেশ/নিষেধাজ্ঞা/স্থিতাবস্থা থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

তারিখ : ৩০ ডিসেম্বর ২০১৯ খ্রিঃ

**নং বিচার-৭/২-এন-০৩/২০০২(অংশ)-৪৩৫**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হইয়া আপনাকে মোঃ রাশেদুল ইসলাম, পিতা-মোঃ জহুরুল ইসলাম, মাতা-মোছাঃ সুমাইয়া খাতুন, গ্রাম-সেজিয়া, ডাকঘর-সেজিয়া, উপজেলা-মহেশপুর, জেলা-ঝিনাইদহ। এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে ঝিনাইদহ জেলার মহেশপুর উপজেলার ৬ নং নেপা ইউনিয়নের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে।

তবে, শর্ত থাকে যে, সরকার যে কোনো সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয় কোনো উপযুক্ত আদালতের কোনোরূপ স্থগিতাদেশ/নিষেধাজ্ঞা/স্থিতাবস্থা থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

তারিখ : ৩১ ডিসেম্বর ২০১৯ খ্রিঃ

**নং বিচার-৭/২এন-৩৮/২০০৩-৪৩৬**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হইয়া আপনাকে আব্দুল ওয়াহিদ, পিতা-হেলাল উদ্দিন, মাতা-রসিদা খাতুন, গ্রাম-পুরাতন আজমপুর, ডাকঘর-পুরাতন আজমপুর, উপজেলা-মিরপুর, জেলা-কুষ্টিয়া। এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে কুষ্টিয়া জেলার মিরপুর উপজেলার ৭নং সদরপুর ইউনিয়নের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে।

তবে, শর্ত থাকে যে, সরকার যে কোনো সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয় কোনো উপযুক্ত আদালতের কোনোরূপ স্থগিতাদেশ/নিষেধাজ্ঞা/স্থিতাবস্থা থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**বুলবুল আহমেদ**
সিনিয়র সহকারী সচিব।

---

**সলিসিটর অনুবিভাগ**
**জিপি/পিপি শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২১ পৌষ ১৪২৬ বঙ্গাব্দ/০৫ জানুয়ারি ২০২০ খ্রিস্টাব্দ

**নং সলিঃ/জিপি-পিপি/আন্ট্রাঃ-২/২০১০-০২**—আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালের প্রসিকিউটর জনাব মোহাম্মদ আলী-কে শৃংখলা ও পেশাগত আচরণ ভঙ্গ এবং গুরুতর অসদাচরণের দায়ে এ বিভাগের গত ০৫-১০-২০১১ খ্রিঃ তারিখের সলিঃ/জিপি-পিপি/আন্ট্রাঃ-০২/২০১০-১৮৬ নং স্মারক পত্রে প্রদত্ত নিয়োগ বাতিলক্রমে প্রসিকিউটর এর পদ হতে অপসারণ করা হলো।

২। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

৩। এ আদেশ অদ্য ০৫-০১-২০২০ খ্রিঃ তারিখ হতে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ মনিরুজ্জামান**
উপ-সলিসিটর (জিপি-পিপি)।

**মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়**
**শাখা-জামস**

**প্রজ্ঞাপন**

তারিখ : ০৮ জানুয়ারি ২০২০ খ্রিঃ

**নং ৩২.০০.০০০০.০৩৮.০৬.০৬৬.১৮-১৬১**—জাতীয় মহিলা সংস্থা আইন, ১৯৯১ (১৯৯১ সনের ৯নং আইন) এর ১০ ধারার (৩) উপ-ধারা মোতাবেক জেলা প্রশাসক, হবিগঞ্জ-এর সুপরিশের ভিত্তিতে নিম্নলিখিত ব্যক্তিগণকে জাতীয় মহিলা সংস্থা, হবিগঞ্জ জেলা কমিটির সদস্য হিসেবে নির্দেশক্রমে মনোনীত করা হলো :

| ক্রঃ নং | সংশ্লিষ্ট ধারা | সদস্য শ্রেণি | নাম ও ঠিকানা | পদবি |
|---|---|---|---|---|
| ০১ | ১০(১) (ঘ) | শিক্ষিকা | সৈয়দা রওশন সুলতানা, স্বামী-সৈয়দ আতিকুল হক, সৈয়দবাড়ী, ইনাতাবাদ আবাসিক এলাকা, পেশা-অধ্যক্ষ, বিয়াম ল্যাবরেটরি স্কুল, হবিগঞ্জ। | চেয়ারম্যান |
| ০২ | ১০(১) (ঙ) | সমাজসেবী | মিসেস জমিলা বেগম, স্বামী-এডঃ আজিজুর রহমান চৌধুরী, শায়েস্তানগর, হবিগঞ্জ। | সদস্য |
| ০৩ | ১০(১) (ছ) | বিশিষ্ট মহিলা | বেগম শাহানারা চৌধুরী, স্বামী-এডভোকেট সিরাজুল ইসলাম চৌধুরী, শ্যামলী, হবিগঞ্জ। | সদস্য |
| ০৪ | ১০(১) (ছ) | বিশিষ্ট মহিলা | বেগম শওকত আরা চৌধুরী, স্বামী-শহীদ উদ্দিন চৌধুরী, আপ্তাব মঞ্জিল, শায়েস্তানগর, হবিগঞ্জ। | সদস্য |
| ০৫ | ১০(১) (ছ) | বিশিষ্ট মহিলা | বেগম লুৎফুন নাহার চৌধুরী স্মৃতি, স্বামী-মিজানুর রহমান চৌধুরী, ৩৬২১, কালী বাড়ি ক্রস রোড, হবিগঞ্জ। | সদস্য |

২। উপরোল্লিখিত সদস্যগণের মধ্য হতে ১নং ক্রমিকের সৈয়দা রওশন সুলতানা, স্বামী-সৈয়দ আতিকুল হক, সৈয়দবাড়ী, ইনাতাবাদ আবাসিক এলাকা, হবিগঞ্জ উক্ত কমিটির চেয়ারম্যান হিসেবে দায়িত্ব পালন করবেন।

৩। কমিটির মনোনীত চেয়ারম্যান ও বর্ণিত সদস্যগণ ০৮-০১-২০২০ তারিখ হতে দু'বৎসর মেয়াদে স্বীয় পদে বহাল থাকবেন। তবে শর্ত থাকে যে, সরকার উক্ত মেয়াদ শেষ হওয়ার পূর্বে কোন কারণ দর্শানো ব্যতিরেকে তাঁদের পদ থেকে অপসারণ করতে পারবে এবং তাঁরাও সরকারের উদ্দেশ্যে স্বাক্ষরযুক্ত পত্রযোগে যে কোন সময় স্বীয় পদ ত্যাগ করতে পারবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**দিলীপ কুমার দেবনাথ**
সিনিয়র সহকারী সচিব।

---

**Ministry of Commerce**
**Export-7**

**Notification**

Date : 08 January 2020

**No. 26.00.0000.106.85.118.16(Part).10**—Mr. Md. Shafiul Islam Mohiuddin, Ex-president, Federation of Bangladesh Chamber of Commerce & Industry (FBCCI) and Member of the Trade Assistance Advisory Comittee to the Honourable Minister, Ministry of Commerce, Government of the Pepole's Republic of Bangladesh has been nominated as the Business Representative of Bangladesh in Expo 2020 Dubai during 20 October to 10 April, 2021.

By order of the President

**Md. Aminul Islam**
Deputy Secretary.

---

**বাণিজ্য মন্ত্রণালয়**
**রপ্তানি-১ শাখা**

**গণবিজ্ঞপ্তি**

তারিখ : ০৩ ফেব্রুয়ারি, ২০১৯ খ্রিঃ

**নং ২৬.০০.০০০০.১০০.৪২.০০৪.১৭-২১**—এতদ্বারা রপ্তানি নীতি ২০১৮-২০২১ এর ৮.১২ উপানুচ্ছেদের আলোকে 'কৃষি ও কৃষি প্রক্রিয়াজাত পণ্য (Agro and Agro Processed Products)'-কে 'বর্ষ পণ্য-২০১৯ (Product of the Year-2019)' ঘোষণা করা হলো।

**নাজনীন পারভীন**
সিনিয়র সহকারী সচিব।

## ভূমি মন্ত্রণালয়
## জরিপ শাখা-২

### বিজ্ঞপ্তি

তারিখ : ২১ পৌষ ১৪২৬ বঙ্গাব্দ/০৫ জানুয়ারি ২০২০ খ্রিস্টাব্দ

**নং ৩১.০০.০০০০.০৪৯.৩৩.১৫৭.১০.(অংশ-১).০৯**— State Acquisition And Tenancy Act, 1950 (Act XXVIII) of 1951) এর ১৪৪ ধারা (৭) নম্বর উপ-ধারা এবং প্রজাসত্ব বিধিমালা, ১৯৫৫ (Tanancy Rules, 1955)-এর ৩৪(২) বিধি অনুযায়ী গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক এই মর্মে ঘোষণা করা যাচ্ছে যে, নিম্নবর্ণিত মৌজসমূহের স্বত্বলিপি চূড়ান্তভাবে প্রকাশ করা হয়েছে:

| ক্রম | মৌজার নাম | জে এল নম্বর | খতিয়ান সংখ্যা | উপজেলা | জেলা |
|---|---|---|---|---|---|
| ১ | আমাসু | ৬৪ | ১০৯৩ | রংপুর সদর | রংপুর |
| ২ | বিনোদপুর | ৯৮ | ৪১৩ | রংপুর সদর | রংপুর |
| ৩ | গোপীনাথপুর | ১০৯ | ১২৩১ | রংপুর সদর | রংপুর |
| ৪ | তালুক ধর্ম্মদাস | ১৩৩ | ২১৪৬ | রংপুর সদর | রংপুর |
| ৫ | তালুক তামফাট | ১৩৪ | ৮২৫ | রংপুর সদর | রংপুর |
| ৬ | আরাজি নিয়ামত | ৪০ | ৪০৮ | গঙ্গাচড়া | রংপুর |
| ৭ | ধুমগাড়া | ২ | ৩১৩ | কাউনিয়া | রংপুর |
| ৮ | সোনাতন | ৮ | ৬৮৩ | কাউনিয়া | রংপুর |
| ৯ | কাচু | ১৮ | ১১৫৭ | কাউনিয়া | রংপুর |
| ১০ | পূর্ব্ব চাদঘাট | ৪০ | ১১৫২ | কাউনিয়া | রংপুর |
| ১১ | কাঞ্চনপাড়া | ১৪ | ২৪৯৭ | নিলফামারী সদর | নিলফামারী |
| ১২ | তরণীবাড়ী | ১৭ | ১৯২২ | নিলফামারী সদর | নিলফামারী |
| ১৩ | পলাশবাড়ী | ১৮ | ৯৩৭ | নিলফামারী সদর | নিলফামারী |
| ১৪ | দাউদ | ৩০ | ৪২৭ | নিলফামারী সদর | নিলফামারী |
| ১৫ | আরাজী ইটাখোলা | ৩২ | ২৫৮ | নিলফামারী সদর | নিলফামারী |
| ১৬ | দক্ষিণ বালাপাড়া | ১০ | ১৩৬৩ | ডিমলা | নিলফামারী |
| ১৭ | তালুক খুটামারা | ১৭ | ১৭৭৫ | লালমনিরহাট সদর | লালমনিরহাট |
| ১৮ | বুড়িমারী | ৫ | ১১৬০ | পাটগ্রাম | লালমনিরহাট |
| ১৯ | বামনদল | ৬ | ৩৪১ | পাটগ্রাম | লালমনিরহাট |
| ২০ | ধবলসতী | ১০ | ১৪৪৯ | পাটগ্রাম | লালমনিরহাট |
| ২১ | বেঙ্গকান্দা | ১১ | ১৬০৮ | পাটগ্রাম | লালমনিরহাট |
| ২২ | টেপুরগারী | ১৫ | ১৫৩৭ | পাটগ্রাম | লালমনিরহাট |
| ২৩ | পূর্ব্ব জগতবেড় | ১৯ | ১২৫৭ | পাটগ্রাম | লালমনিরহাট |
| ২৪ | ভোটহাটখাতা | ২০ | ৪৩৬ | পাটগ্রাম | লালমনিরহাট |
| ২৫ | সোহাগপুর | ২৬ | ৫৩৪ | পাটগ্রাম | লালমনিরহাট |
| ২৬ | পানবাড়ী | ২৯ | ২৫৯৭ | পাটগ্রাম | লালমনিরহাট |
| ২৭ | সমসেরপুর | ৩০ | ১১০৬ | পাটগ্রাম | লালমনিরহাট |
| ২৮ | কুচ্লিবাড়ী | ৩১ | ১৬৪২ | পাটগ্রাম | লালমনিরহাট |
| ২৯ | রামকান্ত | ৩৭ | ১৭১ | পাটগ্রাম | লালমনিরহাট |
| ৩০ | জমগ্রাম | ৪৩ | ৩০২৯ | পাটগ্রাম | লালমনিরহাট |
| ৩১ | হোসেনাবাদ | ৪৫ | ১২২৫ | পাটগ্রাম | লালমনিরহাট |
| ৩২ | নিজ গড্ডিমারী | ৭ | ১৪৭৫ | হাতীবান্ধা | লালমনিরহাট |
| ৩৩ | পূর্ব্ব ফকিরপাড়া | ১৪ | ২০০৮ | হাতীবান্ধা | লালমনিরহাট |
| ৩৪ | ধুব্নী | ২০ | ১৬০৬ | হাতীবান্ধা | লালমনিরহাট |
| ৩৫ | বারইপাড়া | ৪৭ | ১৮৩৩ | হাতীবান্ধা | লালমনিরহাট |
| ৩৬ | গেন্দুকুড়ি | ৪৯ | ১৮০০ | হাতীবান্ধা | লালমনিরহাট |
| ৩৭ | দক্ষিণ গোতামারী | ৫২ | ১৩৭০ | হাতীবান্ধা | লালমনিরহাট |
| ৩৮ | পূর্ব্ব নওদাবাস | ৫৩ | ১৬০১ | হাতীবান্ধা | লালমনিরহাট |
| ৩৯ | উত্তর জাওরাণী | ৬২ | ১০২৮ | হাতীবান্ধা | লালমনিরহাট |
| ৪০ | তুষভান্ডার | ২৮ | ২৪৬ | কালিগঞ্জ | লালমনিরহাট |
| ৪১ | বান্দরকুড়া | ৫২ | ১৫৭৭ | কালিগঞ্জ | লালমনিরহাট |

| ক্রম | মৌজার নাম | জে এল নম্বর | খতিয়ান সংখ্যা | উপজেলা | জেলা |
|---|---|---|---|---|---|
| ৪২ | তালুক দুলালী | ৩ | ২৬৩৪ | আদিতমারী | লালমনিরহাট |
| ৪৩ | চোরতাবাড়ী | ২৪ | ১১২৯ | আদিতমারী | লালমনিরহাট |
| ৪৪ | দেওডোবা | ৪০ | ৯৬৫ | আদিতমারী | লালমনিরহাট |
| ৪৫ | দামালগ্রাম | ৭ | ১২৯৭ | নাগেশ্বরী | কুড়িগ্রাম |
| ৪৬ | নেওয়াশী | ১৬ | ২২৭৬ | নাগেশ্বরী | কুড়িগ্রাম |
| ৪৭ | পূর্ব্ব নাগেশ্বরী | ৪৬ | ১২৮৭ | নাগেশ্বরী | কুড়িগ্রাম |
| ৪৮ | মালিয়ানী | ৪৮ | ২৯৫ | নাগেশ্বরী | কুড়িগ্রাম |
| ৪৯ | বালারহাট | ৬৪ | ৫৮৫ | নাগেশ্বরী | কুড়িগ্রাম |
| ৫০ | ভোটহাট | ৩৫ | ১২১১ | ভুরুঙ্গামারী | কুড়িগ্রাম |
| ৫১ | রামনাথেরভিটা | ৭৬ | ৯৭২ | গাইবান্ধা সদর | গাইবান্ধা |
| ৫২ | জোত কালিকাপ্রসাদ চৌধুরী | ৯৮ | ৫৭৬ | গাইবান্ধা সদর | গাইবান্ধা |
| ৫৩ | গজারিয়া | ৬৮ | ২২৯৪ | ফুলছড়ি | গাইবান্ধা |
| ৫৪ | ফলগাছা তালুক | ৯ | ৭০২ | সুন্দরগঞ্জ | গাইবান্ধা |
| ৫৫ | নওহাটী চাচিয়া | ২৯ | ৬২৩ | সুন্দরগঞ্জ | গাইবান্ধা |
| ৫৬ | ভবানীপুর | ৮৭ | ২৭৮ | সুন্দরগঞ্জ | গাইবান্ধা |
| ৫৭ | সুবর্ণদহ | ৮৮ | ৮২৪ | সুন্দরগঞ্জ | গাইবান্ধা |
| ৫৮ | বেকাটাড়ী | ৯১ | ১৫১৪ | সুন্দরগঞ্জ | গাইবান্ধা |
| ৫৯ | হাট বামনী | ৯ | ১৮৭৭ | সাদুল্যাপুর | গাইবান্ধা |
| ৬০ | দরি জামালপুর | ৭০ | ২৩২ | সাদুল্যাপুর | গাইবান্ধা |
| ৬১ | চক্ গোবিন্দপুর | ৯৩ | ৭৭০ | সাদুল্যাপুর | গাইবান্ধা |
| ৬২ | কাশিয়াবাড়ী | ১১ | ৭১৯ | পলাশবাড়ী | গাইবান্ধা |
| ৬৩ | ভগবানপুর | ৯২ | ৭০৮ | পলাশবাড়ী | গাইবান্ধা |
| ৬৪ | বিষ্ণুপুর | ১০৭ | ৩৮৮ | পলাশবাড়ী | গাইবান্ধা |
| ৬৫ | গোয়াল পাড়া | ১১২ | ৫১৭ | পলাশবাড়ী | গাইবান্ধা |
| ৬৬ | ছোট ভগবানপুর | ১১৪ | ৬৫৯ | পলাশবাড়ী | গাইবান্ধা |
| ৬৭ | বলরামপুর | ১৩১ | ৪৬৭ | পলাশবাড়ী | গাইবান্ধা |
| ৬৮ | হরিপুর | ১৩২ | ৫৭৯ | পলাশবাড়ী | গাইবান্ধা |
| ৬৯ | কৃষ্ণপুর | ১৩৭ | ৫৮৪ | পলাশবাড়ী | গাইবান্ধা |
| ৭০ | তালুক ঘোড়াবান্ধা | ১৪৫ | ৯৮৪ | পলাশবাড়ী | গাইবান্ধা |
| ৭১ | হরিনাথপুর | ১৫৫ | ১৬৫৭ | পলাশবাড়ী | গাইবান্ধা |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মো. আব্দুর রহমান**
উপসচিব।

---

**[একই নম্বর ও তারিখের স্থলাভিষিক্ত বলে গণ্য হবে]**

**পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়**
**পরিকল্পনা শাখা-৪**

**প্রজ্ঞাপন**

তারিখ : ৩১ ডিসেম্বর ২০১৯ খ্রিঃ

**নং ২২.০০.০০০০.০৮১.১৪.০৩৩.১৮(অংশ-১)-২৭৮**—পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের আওতাধীন বন অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন "Strategic Environmental Assessment (SEA) of South West Region of Bangladesh for Conserving Outstanding Universal Value of the Sundarban" শীর্ষক প্রকল্প বাস্তবায়নের জন্য আর্থিক লেনদেন নির্বাহের লক্ষ্যে প্রকল্প পরিচালকের কার্যালয়কে আয়ন-ব্যয়ন ইউনিট হিসেবে ঘোষণা করা হলো।

২। এ আদেশ যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে শুধুমাত্র প্রকল্প মেয়াদকালীন সময়ের জন্য জারি করা হলো।

**মোঃ আবুল হাশেম**
সিনিয়র সহকারী প্রধান।

## সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়

**প্রজ্ঞাপন**

তারিখ : ২১ পৌষ ১৪২৬/০৫ জানুয়ারি ২০২০

**নং ৪৩.০০.০০০০.১১৪.১৬.১৩৮.১৫(অংশ)-৪**—১৯৬৮ইং সালের (১৯৭৬ ইং সালে সংশোধিত) প্রত্নসম্পদ আইনের ১০ ধারা (১) উপ-ধারা প্রদত্ত ক্ষমতাবলে সরকার কর্তৃক নিম্ন তফসীলভুক্ত প্রত্নসম্পদ সংরক্ষিত প্রত্নসম্পদ বলিয়া ঘোষণা করা হলো:

| ক্রঃ নং | প্রত্নসম্পদের নাম অবস্থান ও পরিচিতি | প্রত্নসম্পদের ভূমির বিবরণ | | | জমির পরিমাণ (একরে) | চৌহদ্দি | মালিকানার পুন বিবরণ | প্রত্নতত্ত্ব অধিদপ্তরের নিকট মালিকানা হস্তান্তরে সম্মত কি না | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | মৌজা | খতিয়ান নং | দাগ নং | | | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| ১। | কাজী বাড়ী সংলগ্ন ঐতিহাসিক মসজিদ<br>ওয়ার্ড/গ্রাম-ভান্ডারিয়া<br>উপজেলা/থানা-ভান্ডারিয়া<br>জেলা-পিরোজপুর | ২১ নং ভান্ডারিয়া | ১৮৫০<br>১৮৫১ | ৮৮ | ০.০৩ একর | উত্তরে-দুলাল কাজী গং<br>দক্ষিণে-সজল কাজী<br>পূর্বে-মন্ট কাজী<br>পশ্চিমে-রাস্তা | R.t ফরমান আলী গং-১ | না | .. |
| ২। | শেখ ভেলাই মসজিদ<br>ওয়ার্ড/গ্রাম-পূর্ব ভান্ডারিয়া<br>উপজেলা/থানা-ভান্ডারিয়া<br>জেলা-পিরোজপুর | ২১ নং ভান্ডারিয়া | ৬৬৯ | ৬৪৩৭ | ০.০২ একর | উত্তরে-কানিজ জোহরা<br>দক্ষিণে-জাকির হোসেন নিজাম<br>পূর্বে-জাকির হোসেন নিজাম<br>পশ্চিমে-জাকির হোসেন নিজাম | R.t হাজী আব্দুল হামিদ গং-১ | হ্যাঁ | .. |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**নাদিরা সুলতানা**
উপসচিব।

---

## তথ্য মন্ত্রণালয়
## বেতার-১ শাখা

**প্রজ্ঞাপন**

তারিখ : ১১ পৌষ ১৪২৬/২৬ ডিসেম্বর ২০১৯

**নং ১৫.০০.০০০০.০২১.১৮.৫০৮.১২.৮৩**—যেহেতু, জনাব মুহাম্মদ শরীফুল কাদের, পরিচালক (মনিটরিং), বাংলাদেশ বেতার, ঢাকায় কর্মরত আছেন;

যেহেতু, তিনি গত ০৭-০৭-২০১৯ তারিখে তার ফেসবুক একাউন্টে "কি এক সমাজ!! কেমন এক দেশে আছি, কোন ধরণের লোকজনের বাস এখানে, ৭ বছরের মেয়ে বাচ্চাও নিরাপদ নয়!!!!!!!" মন্তব্য পোস্ট করেন;

যেহেতু, তার এ ধরনের কার্যকলাপ সরকারি কর্মচারী (আচরণ) বিধিমালা ১৯৭৯ এর ২৩ বিধির পরিপন্থী হওয়ায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধি ২০১৮ এর ২(খ) বিধিমতে অসদাচরণের অভিযোগে তার বিরুদ্ধে ০২/২০১৯ নং বিভাগীয় মামলা রুজু করত: ৩০-১০-২০১৯ তারিখে ৯৫৯ সংখ্যক স্মারকের মাধ্যমে তার নিকট অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণ করা হয় এবং ১০ (দশ) কর্ম দিবসের মধ্যে লিখিত জবাবসহ কারণ দর্শাতে ও ব্যক্তিগত শুনানীতে আগ্রহী কিনা তা জানতে চেয়ে নির্দেশ দেয় হয়;

যেহেতু, তিনি গত ৩০-১০-২০১৯ তারিখ লিখিত জবাব দাখিল করেন এবং ১২-১২-২০১৯ তারিখে তার ব্যক্তিগত শুনানী অনুষ্ঠিত হয়;

যেহেতু, তিনি ব্যক্তিগত শুনানী এবং লিখিত জবাবে আন্তরিকভাবে ক্ষমা প্রার্থনা ও ভবিষ্যতে এরকম ঘটনা যাতে না ঘটে সে বিষয়ে সতর্ক থাকার অঙ্গীকার করেন এবং নিঃশর্ত ক্ষমা প্রার্থনা করে আনীত অভিযোগ হতে অব্যাহতি প্রদানের জন্য অনুরোধ করেছেন;

সেহেতু, ব্যক্তিগত শুনানী, লিখিত জবাব ও আনুষঙ্গিক কাগজপত্র পর্যালোচনা করে সার্বিক বিবেচনায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধি ২০১৮ এর ৭(২) (ক) অনুযায়ী জনাব মুহাম্মদ শরীফুল কাদের, পরিচালক (মনিটরিং), বাংলাদেশ বেতার, ঢাকা-কে ভবিষ্যতে সতর্ক করে তার বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলা নং-০২/২০১৯ এর দায় হতে অব্যাহতি প্রদান করা হলো।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**আবদুল মালেক**
সচিব।

**টিভি-১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ০৯ পৌষ ১৪২৬/২৪ ডিসেম্বর ২০১৯

**নং ১৫.০০.০০০০.০২৩.২৩.০০২.১৯.৪৫৫**—জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন উপলক্ষ্যে চলচ্চিত্র ও তথ্যচিত্র উপকমিটি কর্তৃক সর্বসম্মত সিদ্ধান্তের ভিত্তিতে নিম্নের ছকে উল্লিখিত স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র ও প্রামাণ্যচিত্র নির্মাণের নিমিত্ত সংশ্লিষ্ট পরিচালক/প্রস্তাবককে **অনুদান প্রদানের জন্য সরকার সিদ্ধান্ত গ্রহণ করেছে:**

| ক্রঃ নং | স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্রের নাম | প্রস্তাবক/পরিচালকের নাম | অনুদানের পরিমাণ (টাকা) |
|---|---|---|---|
| ০১ | মোটা ফ্রেমের কালো চশমাটি | প্রস্তাবক : জনাব আবুল খায়ের খন্দকার<br>পরিচালক : জনাব এম.আই.জুয়েল | টাঃ ৩০,০০,০০০/-<br>(ত্রিশ লক্ষ টাকা) |
| ০২ | ৭ই মার্চ | পরিচালক : জনাব আব্দুল্লাহ আল নুর ওরফে তানিম নূর | টাঃ ৩০,০০,০০০/-<br>(ত্রিশ লক্ষ টাকা) |
| ০৩ | জনকের মুখ | পরিচালক : জনাব মান্নান হীরা | টাঃ ৩০,০০,০০০/-<br>(ত্রিশ লক্ষ টাকা) |

| ক্রঃ নং | প্রমাণ্য চলচ্চিত্রের নাম | প্রস্তাবক/পরিচালকের নাম | অনুদানের পরিমাণ (টাকা) |
|---|---|---|---|
| ০১ | মধুমতি পারের মানুষটি : শেখ মুজিবুর রহমান | পরিচালক : জনাব তানভীর মোকাম্মেল | টাঃ ২০,০০,০০০/-<br>(বিশ লক্ষ টাকা) |

**অনুদানের শর্তাবলি :**

০১. মনোনীত স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র নির্মাণ শুরু করার নিমিত্ত চুক্তিপত্র সম্পাদনের পর মঞ্জুরির ৫০% অর্থ প্রদান করা হবে। অনধিক ২ মাসের মধ্যে সম্পূর্ণ চিত্রায়নের পর তা মঞ্জুরি কমিটি কর্তৃক (চিত্রায়িত অংশ) সন্তোষজনক বিবেচিত হলে মঞ্জুরির ৩০% অর্থ প্রদান করা হবে;

০২. সম্পূর্ণ চলচ্চিত্র নির্মাণ ও সরবরাহের পর মঞ্জুরি কমিটির সুপারিশক্রমে অবশিষ্ট ২০% অর্থ প্রদান করা হবে;

০৩. জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপনের নিমিত্ত তাঁর জীবন ও কর্ম নিয়ে স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র নির্মাণ; অর্থ বছরের অবশিষ্ট সময় ইত্যাদিসহ বিশেষ বিবেচনায় কর্তৃপক্ষ ১ম ও ২য় কিস্তির টাকা একসংগে ছাড় করতে পারবে। এক্ষেত্রে ৩য় কিস্তির (শেষ কিস্তির) টাকা স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র সম্পূর্ণ নির্মাণ ও সরবরাহের পর মঞ্জুরি কমিটির সিদ্ধান্ত অনুসারে অর্থ ছাড় করা হবে;

০৪. প্রথম চেক প্রাপ্তির ৯০ (নব্বই) দিনের মধ্যে স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র নির্মাণ কাজ সমাপ্ত করতে হবে। তবে স্ক্রিপ্টের প্রয়োজন/ অনিবার্য কারণে/বিশেষ বিবেচনায় এ সময় বৃদ্ধি করা যাবে;

০৫. স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র নির্মাণের সময় সাব-টাইটেল দিতে হবে;

০৬. শুধু বাংলাদেশের নাগরিক মঞ্জুরি প্রাপ্তির জন্য যোগ্য বিবেচিত হবেন। সকল শিল্পী/কলাকুশলিকে বাংলাদেশের নাগরিক হবে হবে। তবে বিশেষ ভূমিকায় অংশগ্রহণের জন্য যদি কোনো বিদেশী শিল্পী/কলাকুশলীর প্রয়োজন হয়, সেক্ষেত্রে মন্ত্রণালয়ের বিশেষ অনুমতিক্রমে উক্ত শিল্পী/কলাকুশলী অংশগ্রহণ করতে পারবে;

০৭. স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্রে বঙ্গবন্ধুর পরিণত বয়সের কোনো অভিনয় থাকবেনা। তবে বঙ্গবন্ধুর জীবন ও কর্মের ওপর পূর্বে ধারণকৃত প্রামাণ্যচিত্র ব্যবহার করা যাবে;

০৮. উপযুক্ত কারণ ছাড়া যদি স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র নির্মাণ শুরু না করেন কিংবা অসম্পূর্ণ অবস্থায় ফেলে রাখেন তবে ঐ স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্রের সাথে জড়িত সকল মালামাল ও বিষয়-সম্পত্তি সরকার গ্রহণ করার অধিকার সংরক্ষণ করবে এবং প্রদত্ত মঞ্জুরির অংশ আদায়ের জন্য সরকার যে কোনো আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে পারবে;

০৯. জনসাধারণের জন্য প্রদর্শনের পূর্বে প্রযোজক বিধি মোতাবেক বাংলাদেশ চলচ্চিত্র সেন্সর বোর্ডের সনদপত্র গ্রহণ করবে;

১০. প্রস্তাবিত স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র ডিজিটাল ফরমেটে (2K/4K Resolutaiton এ) হতে হবে। তবে নির্মিত স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র বাংলাদেশে বিদ্যমান ব্যবস্থায় প্রদর্শনের উপযোগী হতে হবে;

১১. স্বল্পদৈঘ্য চলচ্চিত্র নির্মাণের জন্য অর্থের ব্যবস্থাপনা তথ্য মন্ত্রণালয়ের নিকট ন্যস্ত থাকবে;

১২. পরিচালককে স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র অনুদান নিয়মাবলীর বিধানাবলি যথাযথভাবে প্রতিপালন করতে হবে;

১৩. নির্মিত স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্রের প্রযোজনায় থাকবে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবর্ষিকী উদ্‌যাপন জাতীয় বাস্তবায়ন কমিটির পক্ষে গঠিত চলচ্চিত্র ও তথ্যচিত্র উপকমিটি;

১৪. জাতীয় ও আন্তর্জাতিকভাবে স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র প্রচারের কারিগরি ও কপি-রাইট জাতীয় বাস্তবায়ন কমিটির উপর ন্যস্ত থাকবে। তবে এ ব্যাপারে সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের সহযোগিতা থাকবে;

১৫. এ নির্মিত স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্রটির স্বত্ব জাতীয় বাস্তবায়ন কমিটির মাধ্যমে সরকার কর্তৃক নির্ধারিত হবে;

১৬. মঞ্জুরি গ্রহণকারী ব্যক্তি/প্রতিষ্ঠানকে তথ্য মন্ত্রণালয়ের সাথে ৩০০ টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে একটি চুক্তি স্বাক্ষর করতে হবে।

**মো: ঈশান আলী রাজা বাঙালী**
উপসচিব (টিভি-১)।

**জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়**
**পুলিশ শাখা-২**

**প্রজ্ঞাপন**

তারিখ : ১৮ পৌষ, ১৪২৬/০২ জানুয়ারি, ২০২০

**নং ৪৪.০০.০০০০.০৯৫.১৮.০০২.১৯-০১**—২০১৯ সালে পুলিশ বাহিনীর সদস্যগণের অসীম সাহসিকতা ও বীরত্বপূর্ণ কাজের স্বীকৃতিস্বরূপ নিম্নবর্ণিত ১৪ (চৌদ্দ) জন পুলিশ সদস্যকে "বাংলাদেশ পুলিশ পদক (বিপিএম)", ২০ (বিশ) জনকে "রাষ্ট্রপতির পুলিশ পদক (পিপিএম)" এবং গুরুত্বপূর্ণ মামলার রহস্য উদ্‌ঘাটন, অপরাধ নিয়ন্ত্রণ, দক্ষতা, কর্তব্যনিষ্ঠা, সততা ও শৃঙ্খলামূলক আচরণের মাধ্যমে প্রসংশনীয় অবদানের জন্য ২৮ (আটাশ) জন পুলিশ সদস্যকে "বাংলাদেশ পুলিশ পদক (বিপিএম)-সেবা" এবং ৫৬ (ছাপ্পান্ন) জনকে "রাষ্ট্রপতির পুলিশ পদক (পিপিএম)-সেবা" প্রদান করা হলো :

**২০১৯ সালের জন্য "বাংলাদেশ পুলিশ পদক (বিপিএম)"**

| ক্র: নং | নাম, পদবি ও কর্মস্থল | প্রস্তাবিত পদক |
|---|---|---|
| ১ | মরহুম মোঃ আক্তার হোসেন, বিপি-৮৭০৭১১৪৬৯০, এএসআই (নিরস্ত্র), মিয়াবাজার হাইওয়ে পুলিশ ফাঁড়ি, হাইওয়ে পুলিশ, কুমিল্লা রিজিয়ন, কুমিল্লা। | বিপিএম (মরণোত্তর) |
| ২ | ড. বেনজীর আহমেদ, বিপিএম-বার, বিপি-৬৩৮৮০০০০২১, অতিরিক্ত আইজিপি, মহাপরিচালক, র‍্যাব ফোর্সেস সদর দপ্তর, ঢাকা। | বিপিএম |
| ৩ | জনাব মুহম্মদ মহিউদ্দিন ফারুকী, বিপিএম, পিপিএম, বিপি-৭০০৩০২৭৮৩৮, পুলিশ সুপার, কোম্পানী কমান্ডার, সিপিসি-৩, র‍্যাব-২, মোহাম্মদপুর, ঢাকা। | বিপিএম |
| ৪ | জনাব মশিউর রহমান, বিপিএম, পিপিএম, বিপি-৭৬০৫১০৪৬৫৩, উপ-পুলিশ কমিশনার, ডিবি, ডিএমপি, ঢাকা। | বিপিএম |
| ৫ | জনাব মীর আবু তৌহিদ বিপিএম, বিপি-৭৯০৬১১৯৭৩২, পুলিশ সুপার, পুলিশ সদর দপ্তর, পুলিশ অধিদপ্তর, ঢাকা। | বিপিএম |
| ৬ | জনাব মোহাম্মদ সাইফুল ইসলাম, পিপিএম, বিপি-৭৭০৬১১৭৫৪১, অতিরিক্ত উপ-পুলিশ কমিশনার (পুলিশ সুপার পদে পদোন্নতিপ্রাপ্ত), উপ-পুলিশ কমিশনার (অতিরিক্ত দায়িত্বে), সিটিটিসি, ডিএমপি, ঢাকা। | বিপিএম |
| ৭ | জনাব এস. এম. নাজমুল হক, বিপিএম, পিপিএম, বিপি-৭৯০৮১২১৬০৭, অতিরিক্ত উপ-পুলিশ কমিশনার, সিটিটিসি, ডিএমপি, ঢাকা। | বিপিএম |
| ৮ | জনাব মোঃ রহমত উল্লাহ চৌধুরী, বিপিএম (বার), বিপি-৮৩১০১২৬৮০১, অতিরিক্ত উপ-পুলিশ কমিশনার, সিটিটিসি, ডিএমপি, ঢাকা। | বিপিএম |
| ৯ | জনাব মোঃ আহসান হাবীব, বিপিএম, বিপি-৮৪১২১৪৭৭৫২, অতিরিক্ত উপ-পুলিশ কমিশনার, সিটিটিসি, ডিএমপি, ঢাকা। | বিপিএম |
| ১০ | জনাব মোঃ তৌহিদুল ইসলাম, বিপিএম, বিপি-৮৫১৩১৬৬১৮৪, অতিরিক্ত উপ-পুলিশ কমিশনার, সিটিটিসি, ডিএমপি, ঢাকা। | বিপিএম |
| ১১ | জনাব মোঃ মেজবাহ্ উদ্দিন আহম্মেদ, বিপিএম, পিপিএম, বিপি-৬৮৯৪০১১১৮৪, পুলিশ পরিদর্শক (শহর ও যানবাহন), সিটিটিসি, ডিএমপি, ঢাকা। | বিপিএম |
| ১২ | নং-২২০৪৩৬৫, সার্জেন্ট মোঃ শহীদুল ইসলাম (এ্যামিউনিশন টেকনিশিয়ান), র‍্যাব ফোর্সেস সদর দপ্তর, ঢাকা। | বিপিএম |
| ১৩ | এএসআই (নিরস্ত্র)/মোঃ নান্নু মিয়া, বিপি-৮২০২০৬৭০৩০, শেরপুর থানা, বগুড়া। | বিপিএম |
| ১৪ | নং-১০০৬৪৭০, সৈনিক মোঃ রাকিব হোসেন, র‍্যাব-১, উত্তরা, ঢাকা। | বিপিএম |

**২০১৯ সালের জন্য "বাংলাদেশ পুলিশ পদক (বিপিএম)-সেবা"**

| ক্র: নং | নাম, পদবি ও কর্মস্থল | প্রস্তাবিত পদক |
|---|---|---|
| ১. | জনাব বনজ কুমার মজুমদার, বিপিএম, পিপিএম-সেবা, বিপি-৬৫৯১১০২০৯২৩, ডিআইজি, পিবিআই, বাংলাদেশ পুলিশ, ঢাকা। | বিপিএম-সেবা |
| ২. | ড. খঃ মহিদ উদ্দিন, বিপিএম (বার), বিপি-৬৯৯৮০২০৮১১, ডিআইজি, খুলনা রেঞ্জ, বাংলাদেশ পুলিশ, খুলনা। | বিপিএম-সেবা |
| ৩. | বিএ-৪৯৩৩ কর্ণেল তোফায়েল মোস্তফা সরোয়ার, পিএসসি, অতিরিক্ত মহাপরিচালক, র‍্যাব ফোর্সেস সদর দপ্তর, ঢাকা। | বিপিএম-সেবা |
| ৪. | জনাব মোঃ মাহবুবুর রহমান ভূঁইয়া, বিপিএম, বিপি-৬৯৯৯০৫২১৭৯, অ্যাডিশনাল ডিআইজি, পুলিশ সদর দপ্তর, পুলিশ অধিদপ্তর, ঢাকা। | বিপিএম-সেবা |
| ৫. | বিএ-৪৮৩১ লেঃ কর্ণেল মীর আসাদুল আলম, ইবি এয়ার উইং, র‍্যাব ফোর্সেস সদর দপ্তর, ঢাকা। | বিপিএম-সেবা |
| ৬. | বিএ-৫৩২২ লেঃ কর্ণেল মোঃ মাহাবুব আলম, বিপিএম (বার), পিপিএম, বীর, পরিচালক, ইন্টেলিজেন্স উইং, র‍্যাব ফোর্সেস সদর দপ্তর, ঢাকা। | বিপিএম-সেবা |
| ৭. | জনাব মোঃ শফিকুল ইসলাম, পিপিএম-সেবা, বিপি-৬৮৯৯০৩১২৪৬, পুলিশ সুপার, নৌ পুলিশ, ঢাকা। | বিপিএম-সেবা |
| ৮. | জনাব মোঃ জামিল হাসান, পিপিএম-সেবা, বিপি নং-৭১০১১১৬৪৫৮, উপ-পুলিশ কমিশনার, ডিবি, ডিএমপি, ঢাকা। | বিপিএম-সেবা |
| ৯. | জনাব হাসিবুল আলম, বিপি-৭১০৩০৫৪৪৮২, পুলিশ সুপার, স্পেশাল ব্রাঞ্চ, ঢাকা। | বিপিএম-সেবা |
| ১০. | জনাব এএফএম আনজুমান কালাম, বিপিএম (বার), বিপি-৭১০৩০২০৯০০, এআইজি, পুলিশ সদর দপ্তর, পুলিশ অধিদপ্তর, ঢাকা। | বিপিএম-সেবা |

| ক্র: নং | নাম, পদবি ও কর্মস্থল | প্রস্তাবিত পদক |
|---|---|---|
| ১১. | জনাব তামান্না ইয়াসমীন, বিপি-৭৬০৩০২০৯০১, এআইজি, পুলিশ সদর দপ্তর, পুলিশ অধিদপ্তর, ঢাকা। | বিপিএম-সেবা |
| ১২. | জনাব মোহাম্মদ নাসিরুল ইসলাম, বিপি-৭৪০৩০২৭৮৫৭, এআইজি, পুলিশ সদর দপ্তর, পুলিশ অধিদপ্তর, ঢাকা। | বিপিএম-সেবা |
| ১৩. | জনাব মোঃ মিলন মাহমুদ, বিপিএম, বিপি-৭৭০৫১০২৪৬৫, এআইজি, পুলিশ সদর দপ্তর, পুলিশ অধিদপ্তর, ঢাকা। | বিপিএম-সেবা |
| ১৪. | জনাব এ বি এম মাসুদ হোসেন, বিপিএম, বিপি-৭৫০৫১০৫০৭৯, পুলিশ সুপার, কক্সবাজার। | বিপিএম-সেবা |
| ১৫. | জনাব জেরিন আখতার, বিপি-৭৫০৫১০৪৮৯৩, বিশেষ পুলিশ সুপার, স্পেশাল ব্রাঞ্চ, ঢাকা। | বিপিএম-সেবা |
| ১৬. | জনাব মোঃ জাহিদুর রহমান, পিপিএম-সেবা, বিপি-৭৭০৬১০৯৮১৯, বিশেষ পুলিশ সুপার, স্পেশাল ব্রাঞ্চ, ঢাকা। | বিপিএম-সেবা |
| ১৭. | জনাব মোঃ রাজীব আল মাসুদ, বিপি নং-৮১০৬১১০৭৪২, অতিরিক্ত উপ-পুলিশ কমিশনার (পুলিশ সুপার পদে পদোন্নতিপ্রাপ্ত), ডিবি, ডিএমপি, ঢাকা। | বিপিএম-সেবা |
| ১৮. | জনাব মিশুক চাকমা, বিপি-৭৭০৬১১৯৮২৮, অতিরিক্ত উপ-পুলিশ কমিশনার (পুলিশ সুপার পদে পদোন্নতিপ্রাপ্ত), সিটিটিসি, ডিএমপি, ঢাকা। | বিপিএম-সেবা |
| ১৯. | জনাব মাহফুজা লিজা, বিপি-৮১০৮১২৬৮৯৬, অতিঃ উপ-পুলিশ কমিশনার, ডিএমপি, ঢাকা। | বিপিএম-সেবা |
